



# জগন্নাথ বিশ্ববিদ্যালয় Jagannath University

রাষ্ট্রবিজ্ঞান বিভাগের 'গণপ্রতিরোধ যুদ্ধ ও বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা: ইতিহাসের নির্মাণ ও বিনির্মাণ' শীর্ষক সেমিনার



রাষ্ট্রবিজ্ঞান বিভাগের মাসিক সেমিনার কার্যক্রমের অংশ হিসেবে আজ ২৮মার্চ-২০১৮, বুধবার 'গণপ্রতিরোধ যুদ্ধ ও বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা: ইতিহাসের নির্মাণ ও বিনির্মাণ' শীর্ষক সেমিনার বিভাগীয় সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী-এর সভাপতিত্বে সেমিনারে ইতিহাস বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম, জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তরের পরিচালক অধ্যাপক ড. মিল্টন বিশ্বাস অংশগ্রহণ করেন। সেমিনারে 'গণপ্রতিরোধ যুদ্ধ ও বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা: ইতিহাসের নির্মাণ ও বিনির্মাণ' শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন তারিক হোসেন খান। এসময় বিভিন্ন বিভাগের শিক্ষক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।